দৈনিক ইত্তেফাক

তারিখ 12 DEC 1983
পৃষ্ঠা ১৬ কলাম ৩

# পরীক্ষার দিনে হরতাল ঘোষণায় শিক্ষামন্ত্রীর নিন্দা

শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক সারাদেশে স্কুল-কলেজে পরীক্ষার দিনে বিরোধীদলের হরতাল আহ্বানের নিন্দা করিয়াছেন। গতকাল শুক্রবার ঢাকায় এক

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(শেষ পৃষ্ঠার পর)

বিবৃতিতে শিক্ষামন্ত্রী বলেন, সারাদেশে প্রায় ৭০ হাজার বিএ ও অনার্স পরীক্ষার্থী ১৩ ডিসেম্বর পরীক্ষার জন্য প্রস্তুতি নিতেছে। ইহাছাড়া একই দিন ছিল সারাদেশে অষ্টম শ্রেণীর বৃত্তি পরীক্ষা। এমন অবস্থায় শুধু রাজনৈতিক স্বার্থের জন্য ছাত্র, শিক্ষক, অভিভাবকদের হয়রানি করা হইতেছে। শিক্ষামন্ত্রী বলেন, হরতাল আহ্বানকারী নেতাদের সংগে যোগাযোগ করিয়াও তাহাদের নিকট হইতে ইতিবাচক সাড়া না পাইয়া শুধু হতাশ হই নাই বরং শিক্ষাবিরোধী এই কর্মসূচীতে আশঙ্কিত হইয়াছি। তিনি বলেন, সারাদেশে স্কুলগুলিতে এখন বার্ষিক পরীক্ষাও অনুষ্ঠিত হইতেছে। বিরোধীদলের রাজনৈতিক নেতা-কর্মীদের সন্তান ও আত্মীয়রাও হরতালের ফলে ভোগান্তির শিকার হইবে। শিক্ষামন্ত্রী আশা করেন, শুভ বুদ্ধির জয় হইবে এবং বিরোধী দল হরতাল প্রত্যাহার করিয়া আতঙ্ক হইতে দেশবাসীকে মুক্ত করিবেন। -তথ্য বিবরণী